আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় নিহত ১

আলমডাঙ্গার মাধবপুরে স্টেয়ারিং গাড়ির ধাক্কায় খাদিজা খাতুন (৪) বছরের শিশুর করুণ মৃত্যু হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ৯ টার দিকে শিশুটির মৃত্যু হয়।

খাদিজা রাস্তা পার হওয়ার সময় রাস্তার দু-দিক থেকে আসা গাড়ির মুখোমুখি হলে বাড়ির দিকে দৌড় দেয়। এ সময় খাদিজার সাথে স্ট্রেয়ারিং গাড়িতে ধাক্কা লাগে।

এতে তার মাথায় ও বুকে গুরুত্বর আঘাত হয়। পরিবারের লোকজন ছুটে এসে তাকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে ভর্তি করলে কর্তব্যরত চিকিৎসক খাদিজাকে মৃত ঘোষণা করে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে শিশু খাদিজার ১ম জানাজা মাধবপুর প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়। পরর্বতীতে বিকালে তার পিতার বাড়ি হালসায় ২য় জানাজার নামাজ শেষে স্থানীয় কবরস্থানে দাফন সম্পন্ন হয়।

কুষ্টিয়ায় ট্রাকচাপায় ইটভাটা শ্রমিক নিহত

কুষ্টিয়ার মিরপুরে ট্রাকচাপায় চান্দু আলী মল্লিক (৫২) নামে এক ইটভাটা শ্রমিক নিহত হয়েছেন। বুধবার (৩ ফেব্রুয়ারি) সকালে কুষ্টিয়া-মেহেরপুর সড়কের নওপাড়া বাজারে এ দূর্ঘটনা ঘটে।

নিহত চান্দু আলী মল্লিক মিরপুর পৌরসভার নওয়াপাড়া গ্রামের মৃত আজিজুল মল্লিকের ছেলে।

মিরপুর থানার উপপরিদর্শক (এসআই) মাফিজুর রহমান এ তথ্য নিশ্চিত করে বলেন, সকালে ইটভাটায় সাইকেলযোগে যাওয়ার পথে কুষ্টিয়া-

মেহেরপুর সড়কের নওপাড়া বাজারের নিকট একটি বালি বোঝাই ট্রাক চান্দু আলী মল্লিককে চাপা দিলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

খবর পেয়ে ঘটনাস্থল থেকে তার লাশ উদ্ধার করে থানায় এনে রাখা হয়েছে। তবে ট্রাক চালককে আটক করা যায়নি বলে জানান তিনি।

শৈলকুপায় সড়ক দুর্ঘটনায় নিহত এক

শৈলকুপা উপজেলার ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের বড়দাহ মাদ্রাসা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় আরিফ শেখ (৬৫) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

নিহত ব্যক্তি শৈলকুপা উপজেলার ২ নং মির্জাপুর ইউনিয়নের রানীনগর গ্রামের বাসিন্দা। তিনি চড়িয়ারবিল মাধ্যমিক বিদ্যালয়ের দপ্তারির কাজ করেন।

স্থানীয় এলাকাবাসী সূত্রে জানা যায়, তিনি রাস্তা পার হচ্ছিলেন এমন সময় শ্যামলী পরিবহনের একটি গাড়ী এসে তাকে ধাক্কা দিয়ে চলে যায় এবং তিনি ঘটনাস্থলে নিহত হন।

শৈলকুপা থানা অফিসার ইনচার্জ জাহাঙ্গীর আলম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন

মুজিবনগরে আলগামনের ধাক্কায় এক

শিশু নিহত

মেহেরপুরে রাস্তা পারাপারের সময় আলগামনের (স্যালো মেশিন চালিত যান) ধাক্কায় নূর (২) নামের এক শিশু নিহত হয়েছে। নিহত নূর মেহেরপুর মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের মো. রুবেল হোসেনের ছেলে।

আজ রবিবার বেলা সাড়ে ১২টার দিকে মেহেরপুর মুজিবনগর উপজেলার মোনাখালী বাজারে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, মোনাখালী বাজারে শিশু নূর রাস্তার অপর পাশে তার দাদীকে দেখে দৌড়ে রাস্তা পার হতে যায়। এ সময় দ্রুত বেগে আসা সার ভর্তি আলগামন তাকে ধাক্কা দেয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসলে হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গায় রাস্তার প্রাইভেট ঢুকলো মোবাইলের দোকানে

আলমডাঙ্গা শহরে নিয়ন্ত্রণ হারিয়ে প্রাইভেট গাড়ি মোবাইলের দোকানে প্রবেশ করে । প্রাইভেট গাড়ির ধাক্কায় মোবাইলের দোকানের ডেকোরেশনসহ বিভিন্ন মালামাল ভেঙ্গে তছরুপ হয়। এ ঘটনায় দোকানে প্রায় লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে বলে মিডিয়া ওয়াল্ডের মালিক শরিফ হোসেন জানান।

জানা গেছে, উপজেলার হারদি ইউনিয়ন আওয়ামী লীগের নেতার প্রাইভেট কার তার ভাগ্নে চালিয়ে আলমডাঙ্গা শহরে যায়।

ব্যস্ততম শহরের রাস্তার দারুস সালাম রোডের হয়ে শহরের মেইন রাস্তায় উঠতে গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে দ্রুত গতিতে উঠে যায় মিডিয়া ওয়াল্ড নামের মোবাইলের দোকানে।

এ ঘটনায় মোবাইলের দোকানের মালিকসহ কর্মচারী আহত হয়। এ ঘটনায়

মোবাইলের দোকানে প্রায় লক্ষাধিক টাকার ক্ষতি হয়।

বাসের ধাক্কায় প্রাণ হারালেন কোটচাঁদপুর পৌর শহরের সবুজ

নিজের বাড়িতে ফিরতে সড়কে বাসের ধাক্কায় প্রাণ হারালেন কোটচাঁদপুর পৌর শহরের সবুজ ইসলাম (৩২) নামের এক যুবক। গতকাল শনিবার রাত ৯ টার দিকে যশোরের খয়ের তলায় এ দুর্ঘটানা ঘটে।

জানা যায়, কোটচাঁদপুর পৌর শহরের বলুহর বাসস্ট্যান্ডের শহিদুল ইসলামের ছেলে সবুজ। পেশায় একজন ইলেট্রনিক্স সামগ্রী নির্মাতা। সে বেশ কিছুদিন ইলেট্রনিক্স সামগ্রী নিজের কারখানায় তৈরী করত এবং ওই সামগ্রী নিজেই বাজারজাত করত।

গতকাল শনিবার নিজের তৈরী সামগ্রী যশোরে ডেলিভারী দিয়ে মটর সাইকেল যোগে বাড়ি ফিরছিল। পথমধ্যে খয়ের তলা এসে পৌঁছালে পিছন দিক থেকে একটি বাস এসে সবুজকে সজোরে ধাক্কা দেয়।

এতে গুরুতর আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে যশোর সদর হাসপাতালে নিয়ে যায়। হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। সবুজ পারিবারিক জীবনে এক কন্যা সন্তানের জনক।

চুয়াডাঙ্গা হাতিকাটা মোড়ে সড়ক দুর্ঘটনায় স্বামী-স্ত্রী নিহত

ফ্রিজ কিনে আর বাড়ি ফেরা হলো না মাসুম ও তার স্ত্রীর। মেহেরপুর সদর উপজেলার গহেরপুর গ্রামের মাসুম (৪০) ও তার স্ত্রী দুইজন একসাথে চুয়াডাঙ্গা সদরে ফ্রিজ কিনতে এসেছিলেন।

মেহেরপুর সদর উপজেলার গহেরপুর গ্রামের মৃত আদম আলী মাস্টারের ছোট ছেলে মাসুম।

চুয়াডাঙ্গা সদরের হাতিকাটা মোড়ে গতকাল সোমবার সন্ধ্যার দিকে এই দুর্ঘটনা ঘটে। নিহত মাসুম ও তার স্ত্রী চুয়াডাঙ্গায় ফ্রিজ কেনা শেষ করে বাড়ির উদ্দেশ্যে রওনা হলে হাতিকাটা মোড়ে মোটরসাইকেল ও আলমসাধুর মুখোমুখি সংঘর্ষ হয় এবং ঘটনাস্থলেই নিহত হন মাসুম।

সেই সাথে মাসুমের স্ত্রী গুরুতর আহত হলে স্থানীয় লোক জন তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তার শরীরের অবনতির কারণে তাকে রাজশাহী মেডিক্যালে রেফার্ড করেন। কিন্তু রাজশাহী মেডিক্যালে নেওয়ার পথেই মাসুমের স্ত্রী শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

কুমারখালীতে সড়ক দুর্ঘটনায় নিহত ১

কুষ্টিয়ার কুমারখালীতে মালবাহী ট্রাকের ধাক্কায় মহিলা ভ্যানযাত্রী নিহত ও ভ্যানচালক মারাত্মক আহত হয়েছে।

বৃহস্পতিবার সকালে কুষ্টিয়া -রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কের খয়েরচারা মাঠপাড়া ডা. রশিদের ইট ভাটার সামনে এই ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে কুমারখালী মুখী ইঞ্জিনচালিত ভ্যানে সুলতানপুর গ্রামের মৃত আকমল হোসেনের স্ত্রী কুটি (৫৫) তার নাতি ছেলে রিয়াদ (৭)কে স্কুলে নিয়ে যাবার সময় পিছন থেকে মালবাহী ট্রাক (ঢাকা-মেট্র-ট- ১৮-১০৫২) ধাক্কা দিলে ভ্যানচালক সহ তিনজনই রোডের উপর ছিটকে পড়েন।

তাদেরকে কুমারখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক মহিলা যাত্রী কুটিকে মৃত ঘোষনা করেন। এবং ভ্যানচালক মুরাদের (৫০) অবস্থা আশংকাজনক হওয়া তাকে কুষ্টিয়া সদর হাসপাতালে প্রেরণ করা হয়। এবং নাতি ছেলে রিয়াদের মাথায় দুটি

সেলাই দেয়া হয়েছে সে আশংকামুক্ত।

এ বিষয়ে কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মজিবুর রহমান জানান মালবাহী ট্রাক পিছন থেকে ধাক্কা দেয়ায় সড়কের উপর ছিটকে পড়ে মহিলা যাত্রী মারা গেছেন। ট্রাক ড্রাইভার পালিয়েছে। এবং জব্দকৃত ট্রাক সড়ক ও জনপদ বিভাগের পুলিশের হেফাজতে নেয়া হয়েছে।

৬ শ্রমিক নিহত, আহত ৪

ঝিনাইদহের শৈলকুপায় ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কে ট্রাক ও ইঞ্জিন চালিত করিমনের মুখোমুখি সংঘর্ষে ৬ ঢালাই শ্রমিক ঘটনাস্থলে নিহত হয়েছে। এ সময় আরো ৪ শ্রমিক গুরুতর আহত হয় বলে জানা যায়। এরা সবাই ঢালাই শ্রমিক।

ঘটনাটি গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে উপজেলার মদনডাঙ্গার শ্রীরামপুর নামক স্থানে ঘটে। পুলিশ ঘটননাস্থল থেকে ৬ জনের ছিন্ন বিচ্ছিন্ন মরদেহ উদ্ধার করে ঝিনাইদহ মর্গে ও আহতদের ঝিনাইদহ সদর হাসপাতালে প্রেরণ করেছেন। নিহতদের পরিচয় না জানা গেলেও তাদে বাড়ি ঝিনাইদহ সদর ও হড়িণাকুণ্ডু উপজেলাতে।

শ্রীরামপুর গ্রমের অবসরপ্রাপ্ত সেনা সদস্য জাবেদ আহম্মেদ জানান, সন্ধ্যা সাড়ে ছয়টার দিকে কুষ্টিয়া জেলার ইবি থানার হাতিয়া আব্দালপুর গ্রাম থেকে নির্মাণাধীন ঘরের ঢালাই কাজ শেষে করিমনে ঢালাই মেশিনসহ বাড়ি ফিরছিলেন তারা। শৈলকুপার কুষ্টিয়া- ঝিনাইদহ মহাসড়কের মদনডাঙ্গা এলাকার শ্রীরামপুর নামক স্থানে পৌঁছালে কুষ্টিয়াগামী সেনাকল্যাণ সংস্থার সিমেন্ট বোঝায় একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে ঝিনাইদহগামী শ্রমিক বোঝায় করিমনকে চাপা দিলে ঘটনাস্থলেই ৬ শ্রমিক ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মারা যায়।

এদের সবার দেহ ছিন্ন বিচ্ছিন্ন অবস্থায় পুলিশ উদ্ধার করে। আহত হয় আরো ৪ শ্রমিক। তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে প্রেরণ করেন পুলিশ। নিহতদের পরিচয় না পাওয়া গেলেও আহতরা হলো হড়িণাকুণ্ডুু উপজেলার শাখারিদাহর মেহেদি(৩২), সদর উপজেলার কলামন খালির রাব্বি(৩০), রিপন, কাষ্টশাখরার রিপন(৩৫)।

শৈলকুপার রামচন্দ্রপুর পুলিশ ফাড়ির ইনচার্জ এসআই শামীম আহম্মেদ জানান, ঝিনাইদহ- কুষ্টিয়া মহাসড়কে সেনাকল্যাণ সংস্থার একটি ট্রাক ও শ্রমিক বোঝায় করিমন মুখোমুখি সংঘর্ষে ঘটনাস্থলে ৬ শ্রমিক নিহত ও ৪ শ্রমিক আহত হয়। নিহতদের সবার দেহ ছিন্ন বিচ্ছন্ন ছিল। তাদের উদ্ধা করে ঝিনাইদহ মর্গে ও আহতদের ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় পিতা পুত্রসহ ৪ জন আহত

মেহেরপুরের মুজিবনগর সড়কের বামন পাড়ার শ্মশান ঘাট মোড়ে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে পিতা পুত্রসহ ৪ জন আহত হয়েছে।

মঙ্গলবার দুপুরে মুজিবনগরের প্রধান সড়কের বামন পাড়া শ্মশান ঘাট মোড়ে এয় ঘটনা ঘটে।

আহতরা হলেন, মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের আনসারুল্লার ছেলে আজিম ও কাজী শহিদুল ইসলামের ছেলে আনসারুল্লাহ এবং মেহেরপুর শহরের কোটপাড়া মিজানুর রহমানের ছেলে সোহেল।

আহতদের মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হলে আজিমের অবস্থা আশংকা জনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।